গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
অধিশাখা-০২(মাঠ প্রশাসন)
www.minland.gov.bd

নম্বর-৩১.০০.০০০০.০৪৬.৬৮.০১৭.১৬.১০৮

তারিখ: ২৯ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

# পরিপত্র

**বিষয়: নামজারি, ই-নামজারি ও এল. টি নোটিশের মাধ্যমে নামজারির সময়সীমা সংশোধন সংক্রান্ত।**

রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (The State Acquisition and Tenancy Act, 1950)-এর ১৪৩ ধারা এবং তৎসহ ১১৬/১১৭ ধারার ক্ষমতাবলে কালেক্টর/রাজস্ব অফিসারের উপর নামজারি, জমাভাগ ও জমা একত্রীকরণের ক্ষমতা অর্পণ করা হয়েছে। সাধারণভাবে প্রাপ্ত সেবা প্রত্যাশী জনগণের আবেদনের পরিপ্রেক্ষিতে নামজারি কার্যক্রম সম্পাদন করার জন্য ভূমি মন্ত্রণালয় হতে বিভিন্ন সময়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া, সাব-রেজিস্ট্রার অফিস হতে এলটি নোটিশ পাওয়ার পর সহকারী কমিশনার (ভূমি) যথানিয়মে নামজারি মামলা রুজু করে প্রয়োজনীয় বিধি অনুসরণপূর্বক স্বল্প সময়ের মধ্যে সংশ্লিষ্ট জমির নামজারি সম্পন্ন করার জন্য ইতোপূর্বে ভূমি মন্ত্রণালয়ের ২৫-১০-২০১৬ খ্রিস্টাব্দ তারিখের ৩১.০০.০০০০.০৪২.৬৭.০২৬.১৬.৯৪৩ নম্বর স্মারকে পরিপত্র জারি করা হয়েছিল। লক্ষ্য করা যাচ্ছে যে, উক্ত পরিপত্রের নির্দেশনা মাঠ পর্যায়ে যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে না। ফলে সংশ্লিষ্ট সেবা প্রত্যাশীগণ কাঙ্খিত সেবা পাচ্ছেন না।

০২। উপর্যুক্ত বিষয়ে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১২-১২-২০১৮ তারিখে অনুষ্ঠিত National Committee for Monitoring Implementation of Doing Business Reforms (NCMID)-এর সভায় ভূমি মন্ত্রণালয় হতে উল্লিখিত স্মারকে বর্ণিত "স্বল্প সময়ের" স্থলে নির্ধারিত সময় উল্লেখপূর্বক নামজারি/জমা খারিজ নিষ্পত্তি করার নির্দেশনাসহ পরিপত্র জারির সিদ্ধান্ত গৃহীত হয়। এ পরিপ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন মাঠ পর্যায়ে সেবা সহজীকরণ ও অনলাইনভিত্তিক সেবার মান বৃদ্ধি বিষয়ে ঢাকা মহানগর ও ঢাকা জেলার বিভিন্ন রাজস্ব সার্কেলের সহকারী কমিশনার (ভূমি), বিভিন্ন জেলার সাব-রেজিস্ট্রার, কানুনগো, সার্ভেয়ার ও ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাসহ ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন সংস্থা/দপ্তরের কর্মকর্তাগনের সমন্বয়ে গত ১৬-০১-২০১৯ তারিখে ভূমি মন্ত্রণালয়ে একটি মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রবাসীদের নামে জমির নামজারির ক্ষেত্রে সময়সীমা শিথিলকরণ সংক্রান্ত ভূমি মন্ত্রণালয়ের ১৭-০৫-২০১২ তারিখের ভূঃমঃ/শা-৯(বিবিধ) ১৩/০৯-৪০০ সংখ্যক স্মারকের সময়সীমা অপরিবর্তিত রাখা এবং ইতোপূর্বে ভূমি মন্ত্রণালয় হতে নামজারি, জমাভাগ ও জমি একত্রীকরণের আবেদন ছক সংক্রান্ত ০৪-০৮-২০১৫ তারিখের ৩১.০০.০০০০.০৪২.০৪.০১৯.০৮-৭০২ সংখ্যক স্মারকের পদ্ধতিগত শর্তাবলী অপরিবর্তিত রেখে কেবল সময়সীমা বিষয়ক সংশ্লিষ্ট অংশ সংশোধনক্রমে নিম্নরূপভাবে সময়সীমা পুন:নির্ধারণ করা হল:

| ক্রমিক নম্বর | বিষয় | পূর্বের ধার্যকৃত সময়সীমা | পরিবর্তিত সময়সীমা |
|---|---|---|---|
| ০১ | সাধারনভাবে প্রাপ্ত আবেদনের নামজারি | ৪৫ কার্যদিবস | ২৮ দিন |
| ০২ | এলটি নোটিশের বুনিয়াদে নামজারি | - | ২৮ দিন |
| ০৩ | প্রবাসীদের জন্য নামজারি | ১২ কার্যদিবস (মহানগর)<br>৯ কার্যদিবস (অন্যান্য ক্ষেত্রে) | অপরিবর্তিত |

০৩। (ক) আবেদনের পরিপ্রেক্ষিতে নামজারি, (খ) এল.টি.নোটিশের মাধ্যমে নামজারি ও (গ) প্রবাসীদের ক্ষেত্রে নামজারি সংক্রান্ত নিম্নোল্লিখিত ছকসমূহ মোতাবেক তাঁর জেলার নামজারি সংক্রান্ত সকল মামলার প্রতিমাসের তথ্য পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে ভূমি সংস্কার বোর্ডে email: chairman@lrb.gov.bd-যোগে নিকস ফন্টে প্রেরণ করতে হবে। ভূমি সংস্কার বোর্ড উক্ত প্রতিবেদন প্রাপ্তির পরবর্তী ০৩ (তিন) দিনের মধ্যে সকল জেলার (জেলাভিত্তিক) সমন্বিত প্রতিবেদন email: sasadmin2@minland.gov.bd- যোগে নিকস ফন্টে ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করবে:

### (ক) আবেদনের পরিপ্রেক্ষিতে নামজারি তথ্য সম্বলিত ছক

| মাসের নাম | গত মাসের জের | | চলতি মাসে প্রাপ্ত | | ২৮দিনের মধ্যে নিষ্পত্তির সংখ্যা | | পেন্ডিং সংখ্যা | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ |
| | নামজারি | ই-নামজারি | নামজারি | ই-নামজারি | নামজারি | ই-নামজারি | নামজারি | ই-নামজারি | |

### (খ) এল.টি নোটিশ বুনিয়াদে নামজারি তথ্য সম্বলিত ছক

| মাসের নাম | গত মাসের জের | চলতি মাসে প্রাপ্ত | সাব-রেজিস্ট্রার অফিসে সম্পাদিত মোট দলিল (সাফ কবলাসহ অন্যান্য সকল হস্তান্তর) | সাব-রেজিস্ট্রার অফিস হতে প্রাপ্ত মোট এলটি নোটিশের সংখ্যা (সাফ-কবলাসহ অন্যান্য হস্তান্তর) | এলটি নোটিশ বুনিয়াদে নামজারির সংখ্যা | এলটি নোটিশ বুনিয়াদে নামজারির পেন্ডিং সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |

### (গ) প্রবাসীদের ক্ষেত্রে নামজারি তথ্য সম্বলিত ছক

| মাসের নাম | গত মাসের জের | | | | চলতি মাসে প্রাপ্ত | | | | মহানগরে নিষ্পত্তির সংখ্যা | | মহানগরে পেন্ডিং সংখ্যা | | অন্যান্য ক্ষেত্রে নিষ্পত্তির সংখ্যা | | অন্যান্য ক্ষেত্রে পেন্ডিং সংখ্যা | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | | | | ৩ | | | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | |
| | নামজারি | | ই-নামজারি | | নামজারি | | ই-নামজারি | | নামজারি | ই-নামজারি | নামজারি | ই-নামজারি | নামজারি | ই-নামজারি | নামজারি | ই-নামজারি | |
| | মহানগর | অন্যান্য | মহানগর | অন্যান্য | মহানগর | অন্যান্য | মহানগর | অন্যান্য | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী
ভারপ্রাপ্ত সচিব
ভূমি মন্ত্রণালয়
ফোন নম্বর:+৮৮-০২-৯৫৪৫১৩১
ফ্যাক্স নম্বর: ০২-৯৫৪০০২৫
ই-মেইল: secretary@minland.gov.bd

বিতরণ:

০১। জেলা প্রশাসক..........................................................(সকল)।

অনুলিপি:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, প্লট-ই-৬ বি, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
০৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার.....................(সকল)।
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)..................................(সকল)।
০৭। উপজেলা নির্বাহী অফিসার.............................................(সকল)।
০৮। সহকারী কমিশনার (ভূমি)..................................................(সকল)।
০৯। সহকারী কমিশনার (ভূমি).......................................রাজস্ব সার্কেল।